# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৮৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. প্রথম অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

بَابُ التَّنْظِيْفِ وَالتَّبْكِيْرِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَاسْتَمَعَ وَأَنْصَتَ غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْجُمُعَةِ وَزِيَادَةُ ثَلَاثَةِ أَيَّامٍ وَمَنْ مَسَّ الْحَصَى فقد لَغَا» . رَوَاهُ مُسلم

### বাংলা

১৩৮৩-[৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি উযূ (ওয়ু/ওজু/অজু) করবে এবং উত্তমভাবে উযূ করবে, তারপর জুমু'আর সালাতে যাবে। চুপচাপ খুত্ববাহ্ (খুতবা) শুনবে। তাহলে তার এ জুমু'আহ্ হতে ওই জুমু'আহ্ পর্যন্ত সব গুনাহ ক্ষমা করা হবে, অধিকন্তু আরো তিন দিনের। আর যে ব্যক্তি খুত্ববার সময় ধূলা বালি নাড়ল সে অর্থহীন কাজ করল। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৫৭, আবূ দাউদ ১০৫০, আত্ তিরমিযী ৪৯৮, ইবনু মাজাহ্ ১০৯০, ইবনু আবী শায়বাহ্ ৫০২৭, আহমাদ ৯৪৮৪, ইবনু খুযায়মাহ্ ১৭৫৬, ১৮১৮, ইবনু হিব্বান ২৭৭৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৮৪৯, শু'আবুল ঈমান ২৭২৬, শারহুস্ সুন্নাহ্ ৩৩৬, সহীহ আত্ তারগীব ৬৮৩, সহীহ আল জামি' ৬১৭৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: সুন্দরভাবে উযূ (ওয়ু/ওজু/অজু) করার অর্থ হল পরিপূর্ণভাবে তার সুন্নাত ও মুস্তাহাবগুলো আদায় করা। আল্লামা নাবাবী (রহঃ) বলেনঃ উযূর সৌন্দর্য বলতে তিন তিনবার ধৌত করা এবং ঐ অঙ্গ-প্রত্যঙ্গের উজ্জ্বলতা দীর্ঘায়িত করা, পূর্ণভাবে পানি পৌঁছানো ও প্রসিদ্ধ সুন্নাতগুলো পূর্ণরূপে আদায় করা এবং নিরবতার সাথে খুত্বাহ্ (খুতবা) শ্রবণ করা।

আল্লামা সানাদী (রহঃ) বলেন যে, আল্লামা রাজী (রহঃ) তার তাফসীরে বলেনঃ (الإنصات) হলো খুতবাহ্ শ্রবণসহ চুপ থাকা।

(وَمَنْ مَسَّ الْحَصى) অর্থাৎ খুতবাহ্ অবস্থায় খেলনাবশতঃ সালাতে কিংবা তার পূর্বে কঙ্কর বা পাথর নাড়াচারা করা। **فَقَدْ لَغَا** অর্থাৎ সে প্রত্যাখ্যাত হবে, তার জুমু‘আর সালাত (সালাত/নামায/নামাজ) হবে না। এর দ্বারা উদ্দেশ্য হলো নিশ্চয় সে অতিরিক্ত সাওয়াব হতে বঞ্চিত হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন